

## শ্রেষ্ঠ বাঙালি

নিখিল কুমার রায়

স্রষ্টার ইচ্ছাই কালের, জাগতিক নিয়মে  
জন্ম মৃত্যু অবিরাম,  
টুঙ্গিপাড়ায় জন্ম, শেখ মুজিবুর রহমানের  
ভূ-মন্ডলে স্মরণীয় নাম ॥

আবাল্য সে ন্যায়ে সখ্যামী বীর,  
ভয়ে ডরেনি কভু রাখে উঁচু শির,  
নিপীড়িত বাংলার মণি বাঙালির,  
নর পশুর গুলিতে প্রাণ দিলেও  
আমজনতা করে প্রণাম।

আবাল বৃদ্ধ জনতার সে বঙ্গবন্ধু  
প্রসারিত দিল তাঁর করুণা সিন্ধু  
কারাবাসে কেটেছে জীবন বিন্দু বিন্দু  
জনকল্যাণে নিবেদিত অমর রত্নের,  
জনতা গায় সুনাম।

ভূ-মন্ডলে স্মরণীয় নাম ॥

সত্য ভাষণে ছিল সে মহাবীর সেনা  
সাতই মার্চের ভাষণে অবনী কেনা  
তার বাঙালি চিরকালের দেনা  
উনিশশত একাত্তরে বাংলা স্বাধীন,  
বিধি মুজিবের বাম।

বিশ্বে বাঙালিকে বীর বলে চেনে  
বাঙালির জনক মুজিবকেই জানে,  
বাংলার পতাকা ওড়ে ওই জাহানে,  
মুজিব সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি  
অলংকৃত টুঙ্গিপাড়া ধাম।

ভূ-মন্ডলে স্মরণীয় নাম ॥

এক দেশ ও জাতি, এক নেতা বলে-  
মুজিব বিনে আসে নাই কেউ, ধরাতলে  
খুনিরা নিশ্চিহ্ন হবে-কালের অতলে,  
মুজিব অমর রবে সর্বকালে-  
নিশানা হবে তার স্বীয় কাম।

জগৎ জরিপে মুজিব শ্রেষ্ঠ, বঙ্গ সন্তান  
এ গুণ নিধির অমূল্য পিতামাতারই দান,  
আমৃত্যু শেখ মুজিব গুণী ও ধীমান,  
চিরকাল বাঙালি স্মরণে রাখিবে  
মোদের আখি জলেই মুজিবের দাম।

ভূ-মণ্ডলে স্মরণীয় নাম ॥